তারিখ 21 APR 2016
পৃষ্ঠা 2 কলাম 8

কালের কণ্ঠ

# এসএসসি ও সমমানের ফল ১০ বা ১১ মে

নিজস্ব প্রতিবেদক ▷

এসএসসি ও সমমানের পরীক্ষা ২০১৬-এর ফল প্রকাশ হতে পারে ১০ বা ১১ মে। এই দুই দিনকে সম্ভাব্য তারিখ ধরেই প্রধানমন্ত্রী শেখ হাসিনার কাছে সারসংক্ষেপ পাঠিয়েছে শিক্ষা মন্ত্রণালয়। গতকাল বুধবার শিক্ষা মন্ত্রণালয় থেকে সম্ভাব্য তারিখের বিষয়টি নিশ্চিত করা হয়েছে।

শিক্ষা মন্ত্রণালয়ের যুগ্ম সচিব (মাধ্যমিক) এ কে এম জাকির হোসেন ভূঞা কালের কণ্ঠকে বলেন, 'আমরা ১০ বা ১১ মে সম্ভাব্য তারিখ ধরে প্রধানমন্ত্রীর সময় চেয়েছি। তবে প্রধানমন্ত্রী ওই তারিখ ছাড়াও এর আগে বা পরে যেকোনো দিন সময় দিতে পারেন। তিনি যেদিন সময় দেবেন সেদিনই ফল প্রকাশ করা হবে।'

গত ১ ফেব্রুয়ারি থেকে এসএসসি ও সমমানের পরীক্ষা শুরু হয়। তত্ত্বীয় পরীক্ষা অনুষ্ঠিত হয় ৮ মার্চ পর্যন্ত। আর ব্যবহারিক পরীক্ষা হয় ৯ থেকে ১৪ মার্চ পর্যন্ত। এবার ২৮ হাজার ১১৯টি শিক্ষাপ্রতিষ্ঠানের ১৬ লাখ ৫১ হাজার ৫২৩ জন শিক্ষার্থী পরীক্ষায় অংশ নেয়। এর মধ্যে আট লাখ ৪২ হাজার ৯৩৩ ছাত্র আর আট লাখ আট হাজার ৫৯০ ছাত্রী।